

০১.০৪.২০২১ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধসংক্রান্ত কার্যক্রম (৩১.০৩.২০২১ পর্যন্ত)

- করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত তথ্যপ্রদান, সচেতনতা সৃষ্টি এবং সতর্কীকরণের জন্য তথ্য অধিদফতর (পিআইডি) থেকে সর্বশেষ ৩১ মার্চ ১১টি তথ্যবিবরণী ও ১টি আলোকচিত্র গণমাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- উল্লেখ্য, ২৩ জানুয়ারি ২০২০ থেকে ৩১ মার্চ ২০২১ পর্যন্ত মোট ১,৭৪৭টি তথ্যবিবরণী গণমাধ্যমে প্রেরণ করা হয়েছে। এ সকল তথ্যবিবরণী ইতোমধ্যে প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হয়েছে। তথ্যবিবরণীগুলো পিআইডি'র ওয়েবসাইটে ([www.pressinform.gov.bd](http://www.pressinform.gov.bd)) এবং ফেসবুক আইডিতে (PID BD) আপলোড করা হয়েছে।
- এ বিষয়ে ইতোমধ্যে পিআইডি থেকে প্রেরিত ৬৫টি ফিচার ও ২১টি ইলাস্ট্রেশন পত্রিকায় মুদ্রিত হয়েছে। তথ্য অধিদফতরের ফেসবুক আইডিতেও (PID BD) প্রচার করা হয়েছে।
- ২৩ জানুয়ারি ২০২০ থেকে ৩১ মার্চ ২০২১ পর্যন্ত মোট ৪০১টি আলোকচিত্র গণমাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতাসৃষ্টির জন্য বিটিভি থেকে প্রস্তুতকৃত ১০টি ভিডিও ক্লিপ, এটুআই থেকে প্রাপ্ত ৬টি টিভিসি, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ও ডিএফপি থেকে প্রস্তুতকৃত ৪টি ভিডিও ক্লিপ এবং স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১টি ভিডিও ক্লিপ সকল ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেরণ করা হয়েছে। ভিডিও ক্লিপগুলো তথ্য অধিদফতরের ফেসবুক আইডিতেও (PID BD) প্রচার করা হয়েছে।
- করোনা ভাইরাস মোকাবিলায় প্রধানমন্ত্রীর চারবার্তা যেমন-‘করোনা ভাইরাস মোকাবিলায় করণীয়’; ‘সুরক্ষা ও চিকিৎসা সামগ্রীর ঘাটতি নেই’; ‘করোনা ভাইরাসে ভীত হবেন না’ এবং ‘সহনশীল ও সংবেদনশীল হোন’ গণমাধ্যমে প্রেরণ করা হয়েছে এবং বার্তাগুলো সংবাদ ও সৌজন্য বিজ্ঞাপন আকারে বিভিন্ন পত্রিকা ও অনলাইন সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে।
- গত ২৩ মার্চ করোনা ভাইরাস প্রতিরোধ সম্পর্কে সরকারের কর্মসূচি ঘোষণার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিবের জরুরি প্রেস ব্রিফিং আয়োজন করা হয়। এ প্রেস ব্রিফিংয়ে ঘোষিত সরকারের কর্মসূচি প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হয়েছে।
- করোনা ভাইরাস সংক্রমণ ও বিস্তার প্রতিরোধ সম্পর্কিত যেকোনো নির্দেশনা এবং সচেতনতামূলক তথ্যবিবরণী গণমাধ্যমে প্রেরণ করার লক্ষ্যে তথ্য অধিদফতরের সংবাদকক্ষ সার্বক্ষণিক খোলা রয়েছে।

  
(এ এইচ এম জুলফিকার আলী)  
তথ্য অফিসার  
তথ্য অধিদফতর